মেহেরপুর জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির নবনির্বাচিত কমিটির সদস্যদের শপথ

মেহেরপুর জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির নবনির্বাচিত কমিটির সদস্যদের শপথ গ্রহন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকালে জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির কার্যালয়ে তাদের শপথ অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা ইমাম সমিতির সভাপতি আনছার উদ্দিন বেলালী সদস্যদের শপথ বাক্য পাঠ করান।

জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির নবনির্বাচিত সভাপতি নুরুল ইসলাম, সহ-সভাপতি হাজী মো: মোয়াজ্জেম হোসেন, মহিবুল ইসলাম, সাধারণ সম্পাদক মো: মোয়াজ্জেম হোসেন, যুগ্ম সম্পাদক হায়দার আলী খান, কোষাধ্যক্ষ আব্দুর রহমান, যুগ্ম কোষাধক্ষ্য হিসাব উদ্দিন, নির্বাহী সদস্য আলী আফজাল, নূর মোহাম্মদ, আতিয়ার রহমান, ইব্রাহিম শেখ, মোহন, সালেহা, আব্দুস সাত্তার, জিন্নাত আলী, শাহাবুদ্দীন ও শহীদ উল ইসলাম শপথ গ্রহণ করেন।

পরে সেখানে দোয়া অনুষ্ঠিত হয়। শপথ গ্রহন অনুষ্ঠানে বক্তব্য দেন জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির সহ-সভাপতি হাজী মো: মোয়াজ্জেম হোসেন, মহিবুল ইসলাম, যুগ্ম সম্পাদক হায়দার আলী খান।

মেপ্র/আরপি

মেহেরপুরে হেরোইনসহ আটক ১

মেহেরপুরে ২ গ্রাম হেরোইন সহ আল মামুন নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

রবিবার মেহেরপুর সদর উপজেলার যাদবপুর গোরস্থান এলাকা থেকে তাকে আটক করা হয়।

আটক আল মামুন সদর উপজেলার রাজাপুর গ্রামের আনোয়ার হোসেনের ছেলে৷

জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম জানান, রবিবার বিকালে মেহেরপুর সদর উপজেলার গ্রামের গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করা হয়।

পরে তাকে তার কাছ থেকে দুই গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

এ বিষয়ে মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে৷

মেপ্র/এমএফআর

প্রতিপক্ষের হামলা, বাড়ীঘর ভাংচুর, লুটপাট

তুচ্ছ ঘটনাকে কেন্দ্র ঝিনাইদহে প্রতিপক্ষের বাড়ীঘরে হামলা চালিয়ে ভাংচুর ও লুটপাট করার অভিযোগ উঠেছে। শনিবার রাতে সদর উপজেলার চাপড়ী গ্রামে এ ঘটনা ঘটে। এ ঘটনায় আহত হয়েছে ৩ জন।

পুলিশ ও এলাকাবাসী জানায়, গত শুক্রবার রাতে পার্শবর্তী কংশি গ্রামের কিছুব্যক্তি মাইক্রোবাস যোগে চাপড়ী গ্রাম হয়ে শহরে যাচ্ছিল। এসময় চাপড়ী গ্রামের কয়েকজন ব্যক্তি চোর সন্দেহে গাড়ীর গতিরোধ করে।

পরে তাদের মাঝে হাতা-হাতি হয়। বিষয়টি তখন স্থানীয়রা মিটিয়ে দিলেও

গেল রাতে কংশি গ্রামের লোকজন চাপড়ী গ্রামে এসে হামলা চালায়। এসময় তারা ওই গ্রামের মালেক, আলাউদ্দিন, বাদশা, আফজাল হোসেন, হাসান মিয়া, আয়ুব হোসেনের বাড়ীসহ ১০ টি বাড়ী ও ২ টি দোকানে হামলা চালিয়ে ভাংচুর ও লুটপাট করে। এতে নারীসহ ৩ জন আহত হয়।

ঝিনাইদহ সদর থানার ওসি এমদাদুল হক বলেন, খবর পেয়ে সদর থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। পুনরায় সংঘর্ষ এড়াতে এলাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে।

ঝিনাইদহে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত

ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে ঝিনাইদহের বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্ট্স কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। রোববার সকাল ৯টা থেকে ভোটগ্রহণ শুরু হয়ে চলে দুপুর ১টা পর্যন্ত।

শহরের খান এ খোদা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে দেখা যায়, লাইনে দাঁড়িয়ে ক্ষুদে ভোটাররা তাদের ভোটাধিকার প্রয়োগ করছে।

শিশুদের মাঝে গণতন্ত্র চর্চার বিকাশে এই উদ্যোগ নেয়া হয়েছে বলে জানান জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা। জেলার ৯’শ ৭টি প্রাথমিক বিদ্যালয়ে এই নির্বাচন অনুষ্ঠিত হয়।

প্রত্যেক বিদ্যালয়ে পানিসম্পদ মন্ত্রী, আপ্যায়ন মন্ত্রী, পরিষ্কার পরিচ্ছন্ন মন্ত্রী, পাঠ্যপুস্তক মন্ত্রীসহ ৭টি পদে প্রতিদ্বন্দ্বিতা করে কয়েকজন শিক্ষার্থী।

ঝিনাইদহে অন্ত:স্বত্তা স্ত্রীকে পুড়িয়ে হত্যা, স্বামী গ্রেফতার

ঝিনাইদহ শহরের পুরাতন হাটখোলা এলাকায় মুন্নী আক্তার পিংকী (২৫) নামের অন্ত:স্বত্তা স্ত্রীকে পুড়িয়ে হত্যার অভিযোগ উঠেছে স্বামী সোহরাব হোসেন সৌরভের বিরুদ্ধে। এ ঘটনায় স্বামীকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার রাতে ঢাকার শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

নিহতের মা কাজল বেগম জানান, ঝিনাইদহ শহরের পুরাতন হাটখোলার পিংকিকে বিয়ের প্রলোভন দিয়ে বিভিন্ন সময় তার ইচ্ছার বিরুদ্ধে ধর্ষন করতো সৌরভ। গত ৯ সেপ্টেম্বর মেয়ের বাড়িতে তার ইচ্ছার বিরুদ্ধে জোর পূর্বক ধর্ষন করে। এ ঘটনায় পিকিং ঝিনাইদহ সদর থানায় মামলা করলে পুলিশ সৌরভকে গ্রেফতার করে। পরে মিমাংসার পর সৌরভ পিংকি বিয়ে করে। বিয়ের পর থেকে সৌরভের পরিবার পিংকিকে মেনে নিচ্ছিল না। এমনকি ছাড়াছাড়ি করার জন্য প্রায়ই মারধর করতো।

এরই জের ধরে গত ১৬ ফেব্রুয়ারি পিংকির বাড়ি এসে ২ হাজার টাকা চাই সৌরভ। পিংকি টাকা দিতে অ-স্বীকার করলে মারপিট করে কেরোসিন ঢেলে গায়ে আগুন ধরিয়ে দেয়। তাকে উদ্ধার করে প্রথমে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে তার অবস্থার অবনতি হলে ঢাকার শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ভর্তি করা হয়। সেখানে শনিবার রাতে পিংকি মারা যায়। এ ঘটনায় নিহতের মা কাজল বেগম থানায় মামলা করলে পুলিশ সৌরভকে গ্রেফতার করেছে।

এ ব্যাপারে ঝিনাইদহের পুলিশ সুপার হাসানুজ্জামান জানান, পারিবারিক কলজের জের ধরে এ ঘটনা ঘটেছে বলে প্রাথমিক ভাবে ধারনা করা হচ্ছে। সৌরভ হোসেনকে গ্রেফতার করা হয়েছে।

সরকারী অর্থায়নে সম্পূর্ণ বিনামূল্যে ফ্রীল্যান্সিং ট্রেনিং

বর্তমান সরকার দেশকে তথ্য প্রযুক্তির মাধ্যমে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে বিভিন্নভাবে কাজ করে চলছে। এরই ধারাবাহিকতায় সরকারের আইসিটি ডিভিশনের আয়োজনে ‘লার্নিং এন্ড আর্নিং ডেভলপমেন্ট প্রজেক্ট’ চালু হয়েছে।

এই প্রজেক্ট এর আওতায় মেহেরপুর জেলায় ওয়েব ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট, গ্রাফিক্স ডিজাইন এবং ডিজিটাল মার্কেটিং কোর্সের রেজিস্ট্রেশন চলছে।

আমাদের দেশের তরুণ সম্প্রদায়কে আউটসোর্সিং বিষয়ে সক্ষমতা বৃদ্ধি করে মানবসম্পদে রুপান্তর করাই ৫০ দিনব্যাপি এই প্রকল্পের মূল উদ্দেশ্য।

এই লক্ষ্যে একযোগে দেশব্যাপী প্রশিক্ষণার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন ও প্রশিক্ষণার্থী নির্বাচনের জন্য পরীক্ষার ব্যবস্থা করা হয়েছে।

অনলাইন রেজিস্ট্রেশন এর জন্য লিংক: http://ledp.ictd.gov.bd/registration

শিশুদের মানসিক বিকাশে হাতের

লেখার গুরুত্ব অপরিসীম- ইউএনও

কুমারখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাজিবুল ইসলাম খান বলেছেন, সুন্দর হাতের লেখা সৃজনশীলতার পরিচয় দেয়। আবার হাতের লেখা পরিস্কার হলে তা পড়তেও সুবিধা। তাই সুন্দর হাতের লেখার জন্য ছোটবেলা থেকেই সন্তানকে উৎসাহিত করা উচিৎ।

গতকাল শনিবার বিকেলে কুমারখালীতে সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরে শিশু কিশোরদের সুন্দর বাংলা হাতের লেখার প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন।

তিনি বলেন, একটা সময় ছিলো যখন পরীক্ষায় সুন্দর হাতের লেখার জন্য নম্বর সংযুক্ত করতেন শিক্ষকরা। আর এখন যুগ পাল্টেছে, এখন সবার ঘরে ঘরে ল্যাপটপ, হাতে মুঠোফোন বা ট্যাব। তাই বর্তমান সময়ে প্রযুক্তির উন্নতির কারণে মানুষের হাতে-কলমে লেখার অভ্যাসটা কমে যাচ্ছে। তাই বেশিবেশি করে সুন্দ হাতের লেখা চর্চার উপর গুরুত্ব দিতে হবে উল্লেখ করে তিনি বলেন, শিশুদের মানসিক বিকাশে হাতের লেখার গুরুত্ব অপরিসীম। তাই অভিভাবকদের উচিৎ তাদের শিশুকে সুন্দর করে হাতের লেখা শিখতে উৎসাহিত করা।

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০ উদযাপন উপলক্ষে সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর এ সুন্দর বাংলা হাতের লেখার প্রতিযোগিতার আয়োজন করে।

প্রতিযোগীতা শেষে পুরস্কার তুলে দেন কুমারখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাজিবুল ইসলাম খান।
সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরের সহকারী পচিালক সৈয়দ এহসানুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে কুষ্টিয়া সরকারী মহিলা কলেজের ভাইস প্রিন্সিপ্যাল শিশির কুমার রায়, কুমারখালী সরকারী কলেজের বাংলা বিভাগের অধ্যাপক জিল্লুর রহমান বিশ্বাস, স্থানীয় কাউন্সিলর এমএ রফিকসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

শিশু কিশোরদের সুন্দর বাংলা হাতের লেখার প্রতিযোগিতায় দেড়শতাধিক শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

সড়ক দুর্ঘটনায় আক্তারুলের মৃত্যু নাকি পরিকল্পিত হত্যা

কাছে ছিল দইয়ের ভাড়, সেটি ভাঙেনি, অক্ষত ছিল মিষ্টির প্যাকেট ও মাছের ব্যাগও। কিন্তু এই সামগ্রি গুলোর মালিক আক্তারুল ইসলাম সড়ক দুর্ঘটনায় মাথা থেতলিয়ে মারা গেলেন। আক্তারুলের দুই সহযাত্রীও অক্ষত ছিলেন। ঘটনার পর থেকে তারাও আত্মগোপনে ছিলেন তাদের বহনকারী গম মাড়াইকরা হুপার নিয়ে।

এ ধরণের একটি ঘটনা পাঠকদের মনে নানা প্রশ্ন তৈরি করবে? পাঠকরা ভালভাবে উপলব্ধি করার চেষ্টা করবেন এটি নিছকই দুর্ঘটনা নাকি হত্যা?

পুলিশ এটিকে সড়ক দুর্ঘটনা বলে তদন্ত প্রতিবেদন জমা দিলেও নিহতের পরিবারের পক্ষ থেকে সিআইডিকে পুন:তদন্ত দেওয়ার দাবি করে আদালতে আবেদন করা হয়েছে।

নিহতের পরিবারের সদস্যদের অভিযোগ, আক্তারুলের দুই সহযাত্রী কামাল হোসেন ও বাহারুল ইসলাম পরিকল্পিতভাবে তাকে ধাক্কা দিয়ে গম মাড়াইকরা হপারের নিচে ফেলে দিয়েছে। আর হপারের চাকার নিচে মাথা পড়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়েছে।
ঘটনার বিবরণে জানা গেছে, ২০১৯ সালের ৫ অক্টোবর ঘটনাটি ঘটে মেহেরপুর জেলার গাংনী উপজেলার বাওট গ্রামের আব্দুল গনি ডিগ্রী কলেজের কাছে। সে সময় অজ্ঞাত ট্রাকের ধাক্কায় আক্তারুলের মৃত্যু হয় বলে প্রচার করা হয় বিভিন্ন পত্র-পত্রিকা সহ সামাজিক যোগাযোগ মাধ্যমে। এ বিষয়ে একটি মামলাও হয় অজ্ঞাত ট্রাক চালকের বিরুদ্ধে।

ঘটনার ৪ মাসের মাথায় বেরিয়ে আসলো চাঞ্চল্যকর তথ্য। ট্রাকের ধাক্কায় না চড়ে থাকা হপারের নিচে পড়ে তার মৃত্যু হয়। সেসময় ঘটনা ধামাচাপা দিয়ে ফেলে সাথে থাকা কামাল ও বাহার নামের দুইজন।

নিহতের পরিবারের দাবি সাথে থাকা দুইজন কামাল ও বাহার পরিকল্পিতভাবে তাকে ধাক্কা দিয়ে ফেলে হত্যা করেছে। এ নিয়ে এলাকায় সালিস বৈঠক হলে সেখানে কামাল ও বাহারের কথায় সন্দেহ আরো ঘনিভূত হয়।

পরিবারের একমাত্র উপার্জনক্ষম মানুষকে হারিয়ে তিন সন্তান নিয়ে

জানান, আমরা ৩ জন একই গাড়ীতে ছিলাম। কিন্ত আক্তার কে ট্রাকে ধাক্কা মারে ।এসময় সে নিচে পড়ে গিয়ে তার মাথার উপর দিয়ে চাকা চলে যায়।

তবে বাহার আলী এই বিষয়ে কথা বলতে রাজি হননি।

মামালার তদন্তকারী কর্মকর্তা গাংনী থানার এসআই মকবুল হোসেন জানান, আমাদের কাছে অভিযোগ এসেছিল অজ্ঞাত ট্রাকের বিরুদ্ধে। আমি সে মোতাবেক তদন্ত করেছি। বিভিন্ন সিসি টিভি ফুটেজসহ স্থানীয় বেশ কিছু সাক্ষিদের সাক্ষ্য গ্রহন করে তদন্ত রিপোর্ট দাখিল করি। এখন যে বিষটি উঠে আসছে সে বিষয়ে আমার কোন কিছু জানা নেই।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান জানান, আক্তারুল ইসলামের মৃত্যু ট্রাকের ধাক্কাতেই হয়। নিহতের পরিবার থেকে যে অভিযোগ করা হয়েছে তা ঠিক নয়।

আলমডাঙ্গায় বিভিন্ন সংস্কৃতি পরিষদের উদ্যোগে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

আলমডাঙ্গা সাহিত্য পরিষদ ও গাঙচিল সাহিত্য সংস্কৃতি পরিষদের উদ্যোগে মহান আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে শহরের খান কমিউনিটি সেন্টারে আলোচনা সভার আয়োজন করা হয়।

সভায় সাহিত্য পরিষদের সভাপতি ওমর আলী মাষ্টারের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাহিত্যিক আনোয়ারুল ইসলাম সাগর, প্রভাষক আসিফ জাহান, আ.ফ.ম. সিরাজ সামজি।

খন্দকার হামিদুল ইসলামের উপস্থাপনায় বক্তব্য রাখেন আলমডাঙ্গা উপজেলা গাঙচিল সাহিত্য পরিষদের সভাপতি কবি ও শিক্ষক এম. জামিরুল

ইসলাম খান (জামিল), কবি গোলাম রহমান চৌধুরি, কবি হাবিবুর রহমান মজুমদার, কবি মনিরিজ্জামান প্রমুখ।
সভায় কবিতা আবৃত্তি, আলোচনা সহ বিভিন্ন অনুষ্ঠান করা হয়েছে।

মেপ্র/আরপি

আলমডাঙ্গায় আওয়ামীলীগ নেতার শয্যাপাশে উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন

আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সাম্পাদক কাজী রবিউল হক হ্নদরোগে আক্রান্ত। তাকে দেখতে আসেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন।

সম্প্রতি ঢাকায় অবস্থান কালে এক সময়ের তুখোড় ছাত্রলীগ নেতা, ৯০ এর গণ আন্দোলনে নেতৃত্বদান কারি তৎকালিন ছাত্রলীগের সভাপতি, ১৯৭১ সালে আলমডাঙ্গা মুজিব বাহীনি কমান্ডার কাজী কামালের ছোট ভাই বর্তমান আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক কাজী রবিউল হক হ্নদরোগে আক্রান্ত হয়ে ঢাকা বঙ্গবন্ধু মেডিকেল কলেজের কার্ডিওলজি বিভাগের বিভাগীয় প্রধান ডা: রেজাউল হক বুলবুলের অধিনে চিকিৎসা ধীন অবস্থায় ভারতের টাটা বিড়ালা হার্ড রিসোর্স সেন্টারের হ্নদ রোগ বিশেষজ্ঞ ডাক্তার শুভ দত্তের অধিনে চিকিৎসাধীন আছে।

তার পরিক্ষা করার পর ডাক্তার তাকে সম্পুর্ণ বিশ্রামে থাকার পরামর্শ দিয়েছেন। সে মোতাবেক সে ভারত থেকে বাড়ী আসলে গতকাল সন্ধায় উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ব হোসেন তাকে দেখতে তার বাবুপাস্থ বাসভবনে যান, এবং স্বাস্থের খোজখবর নেন। তার সর্যাপর্শে বেশ কিছু সময় অতিবাহিত করেন।

তার স্ত্রী সাবেক পৌর কাউন্সিলর নাসিমা পারভীন বিউটি এবং এক মাত্র কন্যা অ্যাড. স্নিগ্ধা, আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি

খন্দকার শাহ আলম মন্টু, ডা: হেলাল, আব্দুর রশিদ, আজিজুুল হক, দৈনিক সময়ের সমীকরনের আলমডাঙ্গা অফিস প্রধান হামিদুুল ইসলাম আজম ও পৌর কাউন্সিলর কাজী আলী আসগার সাচ্চু।

এ সময় উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন তাকে আস্বাস দেন যেন দুশ্চিন্তা না করে, আমরা সব সময় তোমার পাশে থাকব।

মেপ্র/ আরপি